



ফেসবুক পোস্ট ঘিরে শরীয়তপুরে বিএনপি-জামায়াত সংঘর্ষ, আহত ১২



সংগৃহীত ছবি

শরীয়তপুরের নড়িয়া উপজেলার ভোজেশ্বর এলাকায় ফেসবুক পোস্টকে কেন্দ্র করে বিএনপি ও জামায়াতে ইসলামীর নেতাকর্মীদের মধ্যে দফায় দফায় সংঘর্ষের ঘটনা ঘটেছে। এতে অন্তত ১২ জন আহত হয়েছেন।

মঙ্গলবার (২৭ জানুয়ারি) দুপুরে গণভোটের পক্ষে ও বিপক্ষে সামাজিক যোগাযোগমাধ্যমে দেওয়া পোস্ট নিয়ে প্রথমে উভয় পক্ষের মধ্যে কথাকাটাকাটি শুরু হয়। পরিস্থিতি দ্রুত উত্তপ্ত হয়ে ওঠে এবং এক পর্যায়ে লাঠিসোঁটা নিয়ে সংঘর্ষে জড়িয়ে পড়েন তারা।

খবর পেয়ে পুলিশ ও সেনাবাহিনীর সদস্যরা ঘটনাস্থলে পৌঁছে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনেন। আহতদের দ্রুত উদ্ধার করে স্থানীয় হাসপাতালে ভর্তি করা হয়েছে।

এলাকায় যাতে নতুন করে উত্তেজনা না ছড়ায়, সে জন্য অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে।

LENS ASIA